গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
www.sbgcp.edu.bd
টেলিফোন: ০২৫৮৮৮-৪২২৮০

বিজ্ঞপ্তি নম্বর- ১০৫/২০২১ তারিখ: ১২/১০/২০২১খ্রি

# ইউনিক আইডি সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা

**শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের করণীয়:**

- শিক্ষার্থী নিজে অথবা পিতা/মাতা/অভিভাবকের সহায়তায় তথ্যছকটি (অংশ 'ক') যথাযথভাবে পূরণ করবেন।
- তথ্যছকের সাথে সার্পোটিং ডকুমেন্ট, যেমন- শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, শিক্ষার্থীর জন্মসনদ এর ফটোকপি, পিতা ও মাতা/অভিভাবকের NID এর ফটোকপি সংযুক্ত করবেন।
- কোন পিতা/মাতা/অভিভাবকের NID না থাকলে তা জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের বা পৌরসভার তথ্যসেবা দপ্তরে যোগাযোগ করে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন।
- শিক্ষার্থী পূরণকৃত তথ্যছকটি সংযুক্ত ডকুমেন্টসহ শ্রেণিশিক্ষকের নিকট দাখিল করবেন (শ্রেণি শিক্ষকের নাম পরবর্তীতে জানানো হবে)।
- শিক্ষার্থী কর্তৃক তথ্যছক পূরণের পর তথ্যছকটি যাচাইপূর্বক পিতা/মাতা/অভিভাবক তথ্যছকের যথাস্থানে স্বাক্ষর প্রদান করবেন।

**শিক্ষার্থীর তথ্যছক (ক ও খ অংশ) পূরণে অনুসরণীয় নির্দেশনা:**

- প্রযোজ্য ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিন: যে সকল প্রশ্নের একাধিক উত্তর দেয়া আছে সেখানে একটি এবং ক্ষেত্রবিশেষে একাধিক উত্তরে টিক (√) চিহ্ন দিন।
- প্রতিটি শিক্ষার্থীর ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (সাদা ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, সম্পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) তথ্য ছকের যথাস্থানে সংযুক্ত করতে হবে। সংযুক্ত ছবির পিছনে (মাথার উপরে) শিক্ষার্থীর পূর্ণ নাম লিখতে হবে।
- শিক্ষার্থী তথ্যছকের সাথে শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি (অনলাইন কপি), পিতা এবং মাতার জতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং পিতা ও মাতা উভয়েই মৃত হলে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

**ক অংশ: শিক্ষার্থীর মৌলিক তথ্য**

| প্রশমালার ক্রমিক নং | তথ্যছক পূরণ সম্পর্কিত নির্দেশনা |
|---|---|
| ১. | শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি রেজিস্ট্রার/জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী শিক্ষার্থীর নাম বাংলায় স্পষ্ট অক্ষরে পূরণ করতে হবে। |
| ২. | শিক্ষার্থীর নাম ইংরেজিতে স্পষ্ট করে প্রতিটি ঘর পূরণ করতে হবে। প্রতিটি শব্দ পূরণের পর ১টি ঘর ফাঁকা রাখতে হবে। |
| ৩. | শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী জন্ম নিবন্ধন নম্বর প্রতিটি ঘরে ১টি ডিজিট দ্বারা পূরণ করতে হবে। |
| ৪. | শিক্ষার্থীর জন্ম তারিখ জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী নির্ধারিত ঘরে প্রথমে ২ ডিজিটে কততম দিন অত:পর ২ ডিজিটে কততম মাস এবং জন্মের সাল ৪ ডিজিটে পূরণ করতে হবে। |
| ৫. | শিক্ষার্থীর জন্মস্থান বলতে নিজ জেলাকে বুঝানো হয়েছে। ঘরটি জেলার নাম দ্বারা পূরণ করতে হবে। |
| ৬.-৯. | প্রযোজ্য ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ১০. | শ্রেণি রোল নম্বরের শেষ ০৪ (চার) সংখ্যা লিখতে হবে। |
| ৬.-১৩. | প্রযোজ্য ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ১৪. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে হ্যাঁ ঘরে টিক (√) চিহ্ন প্রদান করতে হবে, অন্যথায় পূরণের প্রয়োজন নেই। |

| | |
|---|---|
| ১৪.১ | ১৪ নং প্রশ্নে হ্যাঁ হলে বর্ণিত ১৩টি বিকল্পের মধ্যে প্রযোজ্যটিতে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ১৫ ও ১৬ | মাতা এবং পিতার জাতীয় পরিচয়পত্র এর বিদ্যমান তথ্য অনুযায়ী ক,খ,গ,ঘ,ঙ অংশ পূরণ করতে হবে। মাতা ও পিতা সবসময় ব্যবহার করে এমন মোবাইল নম্বর, পেশা এবং মাতা ও পিতা উভয়ই মৃত হলে শুধুমাত্র সাল উল্লেখ করতে হবে। |
| ১৭. | শিক্ষার্থীর বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট তথ্যাদি ক-ট পর্যন্ত যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ১৮. | শিক্ষার্থীর পিতা অথবা পিতার অবর্তমানে মাতার ঠিকানা তার স্থায়ী ঠিকানা বিবেচনায় পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র (NID) অনুযায়ী তথ্যাদি ক-ট পর্যন্ত পূরণ করতে হবে যা NID কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত ডেটার সাথে যথার্থতা যাচাই করা হবে। |
| ১৯. | শিক্ষার্থীর পিতা-মাতা উভয়েই মৃত হলে যিনি অভিভাবকের দায়িত্ব পালন করছেন তাঁর সংশ্লিষ্ট তথ্যাদি ক-ঙ অংশে পূরণ করতে হবে। |
| ২০. | তথ্যছকটির ক অংশ যথাযথভাবে পূরনের পর শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক তা প্রত্যয়ন করবেন এবং যথাস্থানে তার নাম লিখে স্বাক্ষর প্রদান করে তারিখ লিখবেন। |
| শিক্ষার্থীর আইডি | শিক্ষার্থীর তথ্যছকের 'অংশ ক' এন্ট্রির পর System থেকে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর আইডি Generate হবে। শিক্ষার্থীকে পূরণ করতে হবে না। উক্ত ঘর ফাঁকা থাকবে। |
| ইউআইডি | স্বয়ংক্রিয়ভাবে ORG এর ডেটাবেজ থেকে Generate হবে। শিক্ষার্থীদের পূরণ করার প্রয়োজন নেই। |

## খ অংশঃ শিক্ষার্থীর অধ্যয়ন সম্পকিত তথ্য

| প্রশ্নমালার ক্রমিক নং | তথ্যফরম পূরণ সম্পর্কিত নির্দেশনা |
|---|---|
| ১. | শিক্ষাপ্রতিষ্ঠানের নাম সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে। (শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।) |
| ২. | শিক্ষাপ্রতিষ্ঠানের অবস্থান সংক্রান্ত পূর্ণ ঠিকানা যথাযথভাবে পূরণ করতে হবে। (বিভাগঃ রাজশাহী, জেলাঃ পাবনা, উপজেলাঃ পাবনা সদর, পৌরসভাঃ পাবনা পৌরসভা) |
| ৩ (ক) | শিক্ষার্থী বর্তমান বছরে যে শ্রেণিতে অধ্যয়নরত তা উল্লেখ করতে হবে। |
| ৩ (খ) | প্রযোজ্য ক্ষেত্রে সেকশনের নাম উল্লেখ করতে হবে; যেমন A সেকশন বা B সেকশন ইত্যাদি। (১-১৭৫ পর্যন্ত A সেকশন, ১৭৬-৩৫০ পর্যন্ত B সেকশন, ৩৫১-৫২৫ পর্যন্ত সেকসন C, ৫২৬ থেকে শেষ পর্যন্ত সেকসন D) |
| ৩ (গ) | শিক্ষার্থীর বর্তমান অধ্যয়নরত শ্রেণির রোল নম্বরের শেষ চার ডিজিট দ্বারা পূরণ করতে হবে। |
| ৩ (ঘ) | একাধিক শিফট পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য শিফট এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অর্থাৎ শিক্ষার্থী যে শিফ্‌ট এ অধ্যয়নরত সেই শিফ্‌ট এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। (শিক্ষার্থীদের পূরণের প্রয়োজন নেই) |
| ৩ (ঙ) | ১১শ-১২শ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে বিদ্যমান ৭ টি গ্রুপ এর মধ্যে প্রযোজ্যটিতে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ৩ (চ) | শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানে ১ম যে শ্রেণিতে ভর্তি হয়েছিল সে শ্রেণির নাম লিখতে হবে। (টিসির ভর্তির ক্ষেত্রে যে শ্রেণিতে টিসি নিয়ে আসছে সেই শ্রেণি লিখতে হবে) |
| ৩ (ছ) | প্রশ্ন নম্বর ৩ (চ) এ উল্লিখিত শ্রেণিতে ভর্তির তারিখ (দিন-মাস-বছর) পূরণ করতে হবে। |
| ৩ (জ) | সঠিক রেজিস্ট্রেশন নম্বর পূরণ করতে হবে। |
| ৩ (ঝ) | শিক্ষার্থী যে ভার্সনে লেখাপড়া করেন তার ভিত্তিতে নির্ধারিত ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। (বাংলা) |
| ৩ (ঞ)-(ঠ) | প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিতে হবে। |
| ৩ (ড) | চলতি শিক্ষাবর্ষে অন্য প্রতিষ্ঠান থেকে TC নিয়ে বর্তমান প্রতিষ্ঠানে ভর্তি হলে হ্যাঁ এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ৩ (ঢ) | একজন শিক্ষার্থী একাধিক শিক্ষাবর্ষে একই শ্রেণিতে অধ্যয়নরত হলে হ্যাঁ এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। |

| | |
|---|---|
| ৪. | শিক্ষার্থী বর্তমান যে শ্রেণিতে অধ্যয়নরত তার পূর্ববর্তী শ্রেণিসমূহের সংশ্লিষ্ট তথ্যাদি যেমন- শ্রেণি, রোল নং, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ইআইআইএন (EIIN), বোর্ডের নাম (জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার ক্ষেত্রে), অধ্যয়নের বছর এবং অর্জিত ফলাফল ৫ম শ্রেণি থেকে পূরণ করবেন। তথ্যাদি নিম্নতর শ্রেণি হতে উচ্চতর শ্রেণি ক্রমানুসারে পূরণ করতে হবে। অর্থাৎ ১১শ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী পঞ্চম/পিইসি/সমমান, ৬ষ্ঠ, ৭ম, জেএসসি/সমমান, ৯ম ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল উল্লেখ করতে হবে। |
| ৫. | শিক্ষার্থীর বর্তমানে অধ্যয়নরত শ্রেণির পূর্ববর্তী শ্রেণির বিষয়ভিত্তিক ফলাফল পূরণ করতে হবে। অর্থাৎ কোন শিক্ষার্থী বর্তমানে ১১শ শ্রেণিতে অধ্যয়নরত থাকলে শুধুমাত্র এসএসসি/সমমান/১০ম শ্রেণির বার্ষিক পরীক্ষার বিষয়ভিত্তিক ফলাফল উল্লেখ করবে। অনুরুপভাবে ১২শ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী ১১শ শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল উল্লেখ করবে। Auto Promotion এর ক্ষেত্রে প্রযোজ্য হবেনা। |
| ৬. | শ্রেণিশিক্ষক শিক্ষার্থীর দৈনিক হাজিরার ভিত্তিতে মাসিক উপস্থিতি নিরূপণ করবেন। প্রতিমাসে মোট কর্ম দিবসের বিপরীতে সংশ্লিষ্ট শিক্ষার্থীর মোট উপস্থিতির দিবস সংখ্যা লিখতে হবে। (শিক্ষার্থীদের পূরণ করতে হবে না। শ্রেণিশিক্ষক পূরণ করবেন।) |
| ৭. | শিক্ষার্থীর কো-কারিকুলার কার্যক্রম এ সংশ্লিষ্টতা অনুযায়ী এক বা একাধিক বিষয়ে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ৮. | শিক্ষার্থীর সংশ্লিষ্ট শখ সংক্রান্ত বর্ণিত বিষয়ের মধ্যে এক বা একাধিক বিষয়ে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ৯. | শিক্ষার্থীর অংশগ্রহণ মূলক কাজের সংশ্লিষ্টতা অনুযায়ী বর্ণিত ক্ষেত্রসমূহের মধ্যে এক বা একাধিক ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ১০. | শিক্ষার্থীর অর্জন/পুরস্কার/সনদ প্রাপ্তি ইত্যাদি সংশ্লিষ্টতা অনুযায়ী বর্ণিত ক্ষেত্রসমূহের মধ্যে এক বা একাধিক ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ১১. | শিক্ষার্থীর বিশেষ ক্যাটেগরি নির্ধারণের নিমিত্তে প্রযোজ্য ঘরে টিক (√) চিহ্ন প্রদান করতে হবে। যেমন শিক্ষার্থী নিজে কর্মজীবী হলে তবেই কর্মজীবী ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। |

- ❖ শিক্ষার্থীর স্বাক্ষরের স্থানে অবশ্যই শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষর করে তারিখ দিতে হবে।
- ❖ শিক্ষার্থী অথবা পিতা ও মাতার যেকোন তথ্য সংশোধন বা সংগ্রহের প্রয়োজন থাকলে অতিসত্তর তা সংশোধন বা সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।
- ❖ কলেজের ওয়েবসাইট হতে ইউনিক আইডি সংক্রান্ত নমুনা ফরম সংগ্রহ করে বাসায় অনুশীলন করার জন্য শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দকে অনুরোধ করা হলো।

২১/১০/২২

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি নং- ৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১। প্রফেসর কে. বি. এম. নিশানুল হাবীব, উপাধ্যক্ষ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৩। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৪। শ্রেণিকক্ষ/নোটিশ বোর্ড/ছাত্রী কমন রুম।
৫। আহবায়ক, ICT (website এ প্রচারের অনুরোধসহ)।
৬। অফিস নথি।